

معلم الإنشاء
(মুআল্লিমুল ইন্শা)
প্রথম খণ্ড

মূল

মাওলানা আব্দুল মাজিদ নদভী

অনুবাদ ও সম্পাদনা

আবুরেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী

ও

আবুল আ'লা মুহাম্মদ হোছামুদ্দিন

প্রকাশনায়

আল্লামা ফজলুল্লাহ ফাউণ্ডেশন, চট্টগ্রাম।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সিলেবাস অনুযায়ী
দাখিল শ্রেণীর ছাত্র ছাত্রীদের জন্য লিখিত।

معلم الإنشاء

(মুত্বা'ল্লিখুল ইনশা)

প্রয়োজনীয় গ্রামার সহ আরবী অনুবাদ ও রচনার সিলেবাস ভিত্তিক সিরিজ।

প্রথম খন্ড

দাখিল অষ্টম ও নবম শ্রেণী এবং
নিম্ন মাধ্যমিক ২য় ও ৩য় (কওমী মাদ্রাসা)

মূলঃ

মাওলানা আব্দুল মাজিদ নদভী

অনুবাদ ও সম্পাদনা

আবুরেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী

সহকারী অধ্যাপক, দাওয়াহ এণ্ড ইসলামিক স্টাডিজ বিভাগ ও ডাইরেক্টর
বিদেশ বিভাগ, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, বাংলাদেশ।

ও

আবুল আ'লা মুহাম্মদ হোছামুদ্দিন

প্রভাষক, ইসলামিক স্টাডিজ বিভাগ, ইসলামিয়া কলেজ, চট্টগ্রাম।

প্রকাশনায়ঃ

আল্লামা ফজলুল্লাহ ফাউণ্ডেশন

প্রকাশক

আল্লামা ফজলুল্লাহ ফাউণ্ডেশন
বাবুনগর, মক্কার বাড়ী, সাতকানিয়া, চট্টগ্রাম।
পক্ষে- আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী

প্রকাশকাল

জানুয়ারী ২০০৩- ২য় সংস্করণ
প্রথম সংস্করণ- ডিসেম্বর ১৯৯৬
সর্বস্বত্ব গ্রহণকার কর্তৃক সংরক্ষিত

কম্পিউটার কম্পোজ

আল-আরব কম্পিউটার এন্ড প্রিন্টার্স

প্রচ্ছদ ও মূদ্রণ তত্ত্বাবধান

এ্যাড হোম
আন্দরকিল্লা, চট্টগ্রাম।
ফোন: ০১৮৩৮৫৭৪৫

পরিবেশনায়

আল-মানার লাইব্রেরী

শাহী জামে মসজিদ শপিং কমপ্লেক্স (২য় তলা)
আন্দরকিল্লা, চট্টগ্রাম।

মূল্য : ৭০.০০ টাকা।

ندوة العلماء
لكهنؤ، الهند

أبو الحسن علي الحسيني الندوي
Abul Hasan Ali Nadwi

Date: _____

التاريخ: ١٤/٥/١٣٤٥

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

ان اللغة العربية هي لغة المسلمين الأولى، لأنها لغة دينهم وشرعهم ونيهم
والطبقة الأولى من طبقات أسلافهم العظام، فالمسلمون انا أرادوا أن يحتفظوا بشخصيتهم
الاسلامية، فهم في غير غنى عن هذه اللغة، وهم يعيشون في مختلف أمقاع العالم من
البلدان التي لغاتها مختلفة وغير عربية، فكيف بهم أن يكونوا على معرفة بهذه اللغة؟
انه لا سبيل الى ذلك الا بمعرفة كلماتها ومفرداتها وبمعرفة تركيب عبارتها على الألسن
الثابتة والقواعد المقررة، وهو عمل لا يمكن أن يتأتى الا باستخدام أدواتها وسائلها
والتعرب على ذلك، ولذلك يقتصر الطالب للغة العربية الى أن يترنم خلال تمارين لغوية،
وتطبيق القواعد النحوية والصرفية على الكلام، و تمارين لنقل لغة الى لغة أخرى من
العربية واليهما، ولقد ألفنا الفخرى عدد من أهل الدراسة والتعليم كتباً لتعليم
الترجمتين والتصرين عليهما، ومن هذه الكتب ما جمعت بين جانبين من هذا العلم، جانب
التصرين على الترجمتين، وجانب تطبيق القواعد النحوية والصرفية فيهما، فمن هؤلاء
المؤلفين عدد من أساتذة ندوة العلماء الهند أيضاً، ومن أحصم الأستاذ عبد الماجد
الندوي رحمه الله تعالى، فقد وضع جزئين يعمين لتعليم الترجمة وتطبيق القواعد اللغوية
من كتاب سماه معلم الأشاء، قام فيهما بتعليم النحو والصرف بالطريقة التطبيقية الميسرة
مع التدريب على الترجمة والأشاء، مضافاً الى ذلك قائمة من الكلمات والمفردات اللغوية
بمنا سبة موضوعات هذه التمرينات والترجمة، حتى لا يعجز الطالب عن العثور على ما يقتصر
اليه من المفردات خلال تطبيقه للقواعد وتمرينه على الترجمة والأشاء، وبذلك حصل
الكتاب فوائد كبيرة أدبية وتعبيرية مختلفة لهذا الفن، وكان الأستاذ المرحوم ألف
هذا الكتاب على رغبة من ندوة العلماء فصار من مقرراتها الدراسية، ثم انتشرت في مدارس
الهند المختلفة وفي غيرها، وجاء بعد الجزئين من الكتاب، جزء ثالث، واشتمل على
منهج كتابة الافتتاح والموضوعات في اللغة العربية مع تمارين أيضاً للترجمتين على المستوى
الرفيع بالإضافة الى قطع ومقالات نموذجية من كتابات البارعين في الأشاء العربي، وهذا
الجزء الثالث من الكتاب من تأليف الأستاذ محمد الرابع الحسيني الندوي أستاذ الأاب العربي
في ندوة العلماء وزميل الأستاذ المرحوم عبد الماجد الندوي في الدراسة والتدريس.
ولقد رأى أحد تلاميذه النجباء من بنجله ديتن وهو العزيز أيلول التنظيم الدين
الندوي أستاذ الأاب العربي في جامعة دار المعارف الاسلامية لشانجانج جلده ديتن، أن
ينقل أجزاء الكتاب الى لغة بنجله ديتن، ليجعلها ميسرة لمن يرغبون في اءخادته من هنا
الكتاب بلغتهم البنغالية، وقد أحسن وأجاد الأستاذ هذا النقل، وهو يقدمه الى
المنظمة، وقد طلب مني أن اكتب بعض كلمات أقدم بها الكتاب فكتبتها تشجيعاً له وتقديراً
للجهد الذي بذله، وأدعو الله تعالى أن يجعل نفعه عاماً ويقبله، وهو حميد مجيد.

الداعية

(أبو الحسن علي الحسيني الندوي)

CENTRAL LIBRARY

Nadwatul Ulama, P

International Islamic University Chittagong

2336 - 72338

Accession No:

Date of Order:

Location: Source:

Date of Procurement: Price:

Dated ۱۰/۱۰/۱۹۶۰

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الحمد لله والملاة والسلام على نبيه محمد وعلى آله وصحبه،
وبعد، فقد اطلعت على ما يقوم به الاخ الأستاذ أبو الرضا نظام الدين الندوي
من نقل كتاب معلم الانشاء الى اللغة السائدة في بنجله ديتي، ليعم
نفع هذا الكتاب في ذلك البلد الاسلامي العزيز، واستطاع من
اكمال ترجمة الجيزء الاول من الكتاب، وهو مواصل لاكمال الجزئين
الاخرين منه، فهو عمل مفيد وطيبه لأن الكتاب من أنفع الكتاب التي
ألفت لتعليم القواعد اللغوية العربية وتطبيقها مع تعليم
مفردات لغوية كثيرة، والتمرين على استعمالها في الترجمة والانشاء،
ولقد وضع الجزئين الاول والثاني أخي وزميلي المرحوم الأستاذ
عبد الماجد الندوي، وقد كان موفقا في هذا العمل، وقد نال
جهده هنا القبول والتقدير في أوساط المثبتين بتعليم اللغة
العربية، جزاه الله أكرم الجزاء وتقبل منه.
وقد وفقني الله تعالى بوضع الجزء الثالث من الكتاب وهو
مشمتمل على تعليم كتابة الموضوعات والانشاء والتمرين على الترجمتين
مع مختار لمقالات نموذجية لأهل الكتاب العربية، وأحمد الله
تعالى أن هذا الجزء نال اعترافا وقبولا أيضا، ولله الحمد،
وأبدي تقديري وتشجيمي لأنك الكريم أبو رضا على جهده الطيب بنقل
الكتاب الى البنجالية، وأرجو أن عمله سيكون نافعا في اطار واسع،
ولله الحمد أولا وأخيرا.

الداعي

محمد الرابع الحسني الندوي

(محمد الرابع الحسني الندوي)

عميد كلية اللغة العربية بمدرسة العلماء

Dr. Abdullah Abbas Al-Nadwi

عبدالله عباس الندوي

The work done by my late friend Maulana ABDUL MAJID NADVI in course of his Arabic Teaching was well admired by all circles of Arabic schollars. He did a tremendous job for the Urdu knowing students to make them learn how to translate from their vernacular language to Arabic & vice versa. His work was limited to the Urdu knowing students because its medium was Urdu, while his method wanted more widen area and should have been introduced in other countries as well.

Now, I am delighted to know that Maulana ABUR REZA MOHAMMED NIZAMUDDIN NADVI has translated into Bengali language. I must appreciate his efforts for his Arabic teaching and making useful for our brethren of Arabic teachers in Bangla Desh. I do hope that this work will appreciated by the learners of Bengali knowing students. I wish him all the success and God Blessing.

aa. h. cu 24.10.9-

(Dr. Abdullah Abbas Al-Nadvi)

بسم الله الرحمن الرحيم

Saeed-al-Azami

- Editor: Al-Baas et Islam
- Lecturer of Arabic Literature
- Administrative Officer
DU, Nadwat-ul-Ulama, P.O. Box 93
Lucknow 226 007 (INDIA)

سعيد الأعظمي الندوي

* رئيس تحرير مجلة "البعث الإسلامي"
* رئيس قسم اللغة والآداب العربي بكلية اللغة العربية
* الشرف الإداري لشؤون دار العلوم التعليمية والإدارية
* جامعة ندوة العلماء، ص. ب. ٩٢ - لكانا (الهند)

بسم الله الرحمن الرحيم،

الحمد لله وكفى، و سلام على عباده الذين اصطفى، أما بعد،

نالت اللغة العربية لمكانتها الفريدة بين لغات العالم درجة ممتازة في جميع
أوساط العلوم والمعارف، وهي في الواقع معجزة للإسلام الذي حذب عليها جعلها لغة
التعبير عن مبادئه وعقائده وشريعته بواسطة كتاب الله وسنة رسوله صلى الله عليه
وسلم، فهناك المعلمين الأشابين الذين أضفى على هذه اللغة الكريمة لون الجمال
والخلود، ومن هنا حرمت الأمة الإسلامية على تعلم هذه اللغة، وضعت فسي
سبيل ذلك جميع مواهبها وإخاقتها، وبحثت عن الوسائل التي تصد لها الطريق، وليس
تعلم اللغة العربية وإجادتها وتدوقها، نطقاً وكلاماً وتعبيراً بالقلم واللسان.

من بين هذه الوسائل التي اختارها المسلمون في البلاد الأهمجية بوجه خاص
أساليب الترجمة من اللغات العجمية إلى العربية وبالعكس، نفع علماء العربية
وأديبها كتباً في موضوع التمييز والإشباع، جاءوا فيها بتصرينات تدرب الطالب على
نقل لفته إلى العربية مع مراعاة القواعد الإمبارية، والنطق الصحيح بأداء الحروف
من خارجها المعلومة، والتركييز على اللهجة العربية الخالصة.

وهذا الكتاب الذي تقدم له وهو "معلم الإشباع" لمؤلفه المحرم الأستاذ

عبد الماجد الندوي، الذي كان أحد مدرسي الإشباع والتعبير في دار العلوم لندوة العلماء
في الخمسينات من هذا القرن، سلسلة محترمة من الكتاب التي ألقت في هذا الموضوع،
فهو يتكفل لدارسيه بإشباع النوق السليم للغة العربية والإقبال على إتقانها وإجادتها
كتابةً وخطابةً وحواراً، وهو من مقررات المنهج الدراسي لتعليم اللغة العربية
في دار العلوم ندوة العلماء (الهند).

وقد أراد الأئمة أبو الرضا محمد تقي الدين الندوي/أستاذ دار المعارف الإسلامية
في بنجلاديش، أن يستفيد طلاب اللغة العربية في هذا القطر النائي عن مهده العنصرية
والعسوية، من هذا الكتاب في مجال تعلم اللغة العربية والتمييز، فنقل هذا
الكتاب إلى اللغة البنجالية مع إبقاء النصوص العربية، ومراعاة جميع الجوانب اللازمة
في الترجمة والتمييز.

أرجو الله تبارك وتعالى أن يتقبل هذا الجهد المشكور، وينفع به طلاب العلوم
العربية في بنجلاديش وما يجاورها من المناطق التي ينطق أهلها باللغة البنجالية.
والله يقون الحق وهو يهدي السبيل، ولا حول ولا قوة الا بالله العلي العظيم.

الدائم
سعيد الأعظمي الندوي

رئيس تحرير مجلة "البعث الإسلامي" الشهرية،
ورئيس قسم البلاغة والآداب القديمة بدار العلوم

ندوة العلماء، لكانا،

مناخ الكتب : ١٩٦١-١٩٦٢، الفول : ٢٢-٧٠، عنوان المنزل : مكتبة قهرووس، مكانم نكر (بروليا) لكانا (الهند)


Telephone College: 73864 - 72336, Res. 343032, Address: Firdaus Book Centre, MakarimNagarLUCKNOW 226 007 (INDIA)

আরবী সেমিটিক ভাষা সমূহের অন্যতম এবং কুরআন ও হাদীসের ভাষা। এ মাঝে সংরক্ষিত রয়েছে ধ্বিনের পরিভাষা সমূহ এবং অসংখ্য শব্দ ভান্ডার। এ ভাষায় দক্ষতা অর্জন ছাড়া ইসলামী জ্ঞান আহরণ সম্ভব নয়। আরবী প্রাক-ইসলামী যুগেও একটি জীবন্ত ভাষা ছিল। ইসলাম এর মাঝে নতুন পরিভাষা সমূহ সংযোজন করে এ ভাষাকে আরো সমৃদ্ধ করেছে। এ ভাষা প্রত্যেক যুগে একটি জীবন্ত ভাষা ছিল এবং বর্তমানেও একটি জীবন্ত ও উন্নত ভাষা। আরবী আমাদের এভাবে অধ্যয়ন করতে হবে যাতে করে আমরা আমাদের লেখনী, বক্তৃতা এবং ভাবের আদান প্রদানে এ ভাষাকে সহজ ও সরল ভাবে ব্যবহার করতে পারি। ভারত, পাকিস্তান এবং বাংলাদেশের মাদ্রাসা গুলোতে ইসলামী বিষয় সমূহের সে গ্রন্থ গুলো পড়ানো হয় যে গুলো আরবী ভাষায় ভাব প্রকাশ করতে অপারগ ও অক্ষম। এ অক্ষমতার বড় কারণ এই যে, আরবী ভাষাকে কখনো ভাষা হিসেবে অধ্যয়ন করার এবং শিক্ষাদানের চেষ্টা করা হয়নি। কখনো এ ভাষার অনুশীলন, লিখন এবং রচনা শৈলীর দিকে দৃষ্টি দেওয়া হয়নি।

ভারত উপমহাদেশের প্রখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান 'দারুল-উলুম নাদওয়াতুল-উলামা' আরবী ভাষায় শিক্ষাদান এবং পাঠ্যসূচী প্রণয়নের দিকে বিশেষ দৃষ্টি দেয় এবং এ ক্ষেত্রে বিশেষ সাফল্য অর্জন করে। রচনা রীতির এ অভাব দূরীভূত করার জন্যে নাদওয়াতুল উলামার বিশিষ্ট শিক্ষক মাওলানা আবদুল মাজিদ নদভী (রহঃ) "মু আল্লিমুল-ইনশা" শীর্ষক পুস্তক উর্দু ও আরবী ভাষায় প্রণয়ন করেন। এ পুস্তকে রচনা ও অনুবাদের অনুশীলনী মালার পূর্বে ছরফ (আরবী শব্দ গঠনরীতি, Morphology) ও নাহভ (আরবী বাক্য গঠন রীতি, Syntax)-এর প্রয়োজনীয়তা নিয়মাবলীর বিবরণ দেওয়া হয়েছে। অতঃপর বিভিন্ন ধরণের অনুশীলনীমালা দেওয়া হয়েছে, যে গুলোর সাহায্যে ছাত্রগণ বিস্তৃত আরবী বাক্য গঠনে সমর্থ হবে। অনুশীলনী সমূহ তাদের দৈনন্দিন জীবন ও প্রয়োজনের সাথে সম্পৃক্ত। সেগুলো সংক্ষিপ্ত হলেও বিভিন্ন ধরণের এবং হৃদয়গ্রাহী। অধিকন্তু বাক্য সমূহ এবং শব্দচয়নে ইসলামী ভাবধারা সুস্পষ্ট। অধিকাংশ বাক্য কুরআন ও হাদিস থেকে গৃহীত।

শিক্ষার মাধ্যম একটি গুরুত্বপূর্ণ বিষয়। মাতৃভাষার মাধ্যমে শিক্ষালাভ করা যত সহজ অন্য কোন বিদেশী ভাষার মাধ্যমে তা ততটা সহজ নয়। এ জন্যে ইব্নু খালদুন মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম হিসেবে গ্রহণ করার জন্যে অভিমত ব্যক্ত করেছেন। এ উদ্দেশ্যকে সামনে রেখে উদীয়মান সাহিত্যিক ও ভাষাবিদ মাওলানা আবু রেজা মুহাম্মদ নেজামুদ্দিন নদভী (সহকারী অধ্যাপক, দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ বিভাগ ও ডাইরেক্টর বিদেশ বিভাগ, আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম, বাংলাদেশ) ও আবুল আ'লা মুহাম্মদ হোছামুদ্দিন (প্রভাষক, ইসলামিয়া কলেজ, চট্টগ্রাম) "মু আল্লিমুল ইনশা" পুস্তকটির বাংলা অনুবাদ করেন। আমার দৃঢ়বিশ্বাস এ পুস্তক আরবী মাদ্রাসা সমূহে সমাদৃত হবে এবং রচনা পদ্ধতির ঘাটতি বহুলাংশে পূরণ করবে।

ড: মুহাম্মদ আনওয়ারুল হক খতিবী
প্রফেসর, আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগ,
সাবেক সভাপতি আরবী ও ফার্সী বিভাগ,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম, বাংলাদেশ।



ভূমিকা : (Preface)

الحمد لله وكفى' وسلام على عباده الذين اصطفى

امابعد - আরবী ভাষায় দু'টি বৈশিষ্ট্য রয়েছে, প্রথমতঃ এটা হচ্ছে কুরআন ও হাদীছের ভাষা এবং এতে রয়েছে আমাদের মূল ধর্মীয় পরিভাষা এবং শব্দভান্ডার। এ সম্পর্কে জ্ঞান না থাকলে আমাদের ইসলামের পদ্ধতি এবং বিধি-বিধান সম্পর্কে সঠিকভাবে পরিচিত হওয়া ও ইসলামের সুমহান জ্ঞান ভান্ডারের সাথে যা তার ঐতিহাসিক গন্ডির মধ্যে সাড়ে তেরশ বছরের দীর্ঘ সময়ে এবং তার ভৌগলিক বিস্তৃতিতে ইসলামী বিশ্বের বিশাল আয়তন জুড়ে ব্যাপ্ত হয়ে আছে। তার সাথে সুসম্পর্ক সৃষ্টি হতে পারে না এবং ইহা থেকে আমরা কোন উপকৃত হতে পারি না।

এ বৈশিষ্ট্যটি আরবী ভাষার সর্বপ্রধান এবং সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য। তা ছাড়া এটি আমাদের সম্পর্ক ও আকর্ষণের মূল কারণ। এদিক থেকে আমাদের প্রকৃত দায়িত্ব ও কর্তব্য হচ্ছে এই যে, আমরা যেন একে কোন লৌকিকতা ছাড়াই ও বিশুদ্ধভাবে বুঝতে এবং পড়তে পারি এবং যে সমস্ত জ্ঞান ও ভূমিকার উপর এ উদ্দেশ্য অর্জিত হওয়া নির্ভরশীল সেগুলো সম্পর্কে যেন আমরা জ্ঞাত হই।

দ্বিতীয় যে বৈশিষ্ট্য তা হচ্ছে এই যে, (যদিও সেটি দ্বিতীয় পর্যায়ের তথাপি এটা অগ্রাহ্য করার মত নয়) এ আরবী ভাষা রসূলুল্লাহর (সঃ) তার যুগে এবং ইসলামের প্রারম্ভিক অবস্থায়ও একটি জীবন্ত ভাষা ছিল। এটি ইসলামের ইতিহাসের সকল যুগে একটি জীবন্ত ভাষা ছিল এবং এযুগেও একটি জীবন্ত ও উন্নতিশীল ভাষা হিসেবে বিদ্যমান রয়েছে। এটি ভাষাগত সকল প্রয়োজন সমূহ পূর্ণ করার এবং মনের ভাব প্রকাশের পূর্ণ যোগ্যতা রাখে। যেটি পবিত্র কোরআনেরই বদৌলতে তার নিজস্ব বৈশিষ্ট্য নিয়ে বিদ্যমান। আর এ বৈশিষ্ট্যটির স্বভাবগত দাবী হল এর সাথে আমাদের সম্পর্কটাও যেন প্রানবন্ত ও বাস্তব সম্মত সম্পর্ক হয়। আমরা এটিকে একটি ব্যাপক জনগোষ্ঠীর ভাষা হিসেবে যেন জেনে

থাকি। এ ভাষায় লৌকিকতা পরিহার করে সহজেই মনের ভাব প্রকাশ করতে পারি, ইহাকে বক্তৃতা ও লিখনীর মাধ্যমে ব্যবহার করতে পারি। এ ভাষা আমাদের পুস্তক রচনা, চিঠিপত্র লিখন এবং সভা-সমিতি সমূহের ভাষা হতে পারে।

ইহা একটি অতিআশ্চর্যজনক এবং অবোধ-গম্য বিষয় যে, কোন ব্যক্তি বা গোষ্ঠী তার নিজের জীবনের একটি উল্লেখযোগ্য অংশ এবং তার মেধা ও মননশীলতা সে সমস্ত জ্ঞান-বিজ্ঞান ও পুস্তক রচনায়, পঠন-পাঠনে ব্যয় করে যা আরবী ভাষায় লেখা হয়েছে অথচ সত্য কথা এই যে, সে ভাষায় সে মনের ভাব প্রকাশে সম্পূর্ণ দুর্বল ও অক্ষম। ভাষা পরম্পরার এ এক অদ্ভুত অভিজ্ঞতা যা শুধু ভারতবর্ষের আরবী মাদ্রাসাগুলোর এবং জ্ঞানের সমাবেশগুলোর অন্যতম বৈশিষ্ট্য।

এ অক্ষমতার বড় কারণ হচ্ছে এই যে, যার বদৌলতে আমরা আরবী ভাষাকে ইসলামের সাথে জ্ঞানের সম্পর্ক সৃষ্টি করে থাকি, তাকে কখনো ভাষার মর্যদা দিয়ে পঠন এবং পাঠদানের চেষ্টা করা হয়নি। অন্যান্য ভাষার মত আরবীভাষাকে ও একটি ব্যবহারিক জ্ঞান এবং গ্রন্থগত বিদ্যা হিসেবে দেখা হয়েছে এবং এক মাত্র পুস্তক বুঝার মাধ্যম মনে করা হয়েছে।

এ মানসিকতা ও দৃষ্টি ভঙ্গির ফল এই যে, কখনো ইহার বাস্তব অনুশীলন, লিখন এবং রচনারীতির প্রতি মনোনিবেশ করা হয়নি। তার পরিণাম এই যে, আমাদের অনেক মাদ্রাসা শিক্ষায় শিক্ষিত বিদ্বানগণ নিজেদের অন্যান্য শিক্ষাগত যোগ্যতার সাথে সাথে আরবী ভাষায় কয়েকটি পংক্তি লেখার বা কয়েক মিনিট কথপোকথনের উপর সমর্থ নয়। বিশেষতঃ এ লিখনি কিংবা কথাপকথন যখন প্রাত্যহিক জীবন যাপন অথবা দৈনন্দিন প্রয়োজনের সাথে সম্পর্কিত হয় এবং নিখুঁত ধর্মীয় অথবা জ্ঞানের আলোচনার মধ্যে সীমাবদ্ধ না থাকে। এ অভাব প্রথম থেকেও চিন্তাশীল ব্যক্তিদের নিকট অনুভূত হচ্ছিল। কিন্তু এখন যেহেতু আরব রাষ্ট্রগুলোর জ্ঞানী ব্যক্তিদের সাথে মেলা-মেশা ও বৈঠকাদির একটি সুযোগ সৃষ্টি হয়েছে এবং দ্বীন খেদমতের ক্ষেত্র অনেক বিস্তৃত ও ব্যাপকতর হয়েছে তখন এ অভাব আরো তীব্রভাবে অনুভূত হচ্ছে।

দারুল উলুম নদওয়াতুল উলামা আরবী ভাষা শিক্ষা দান এবং উহার সূচী প্রনয়নের প্রতি মনযোগ দিয়েছে এবং এক সময় পর্যন্ত উক্ত প্রতিষ্ঠান অত্যন্ত প্রয়োজনীয় খেদমত আঞ্জাম দিয়েছে। এ প্রতিষ্ঠান আরবী ভাষা ও সাহিত্যের পাঠ্যক্রমের একটি বড় অভাব পূরণ করে দিয়েছে এবং একটি সুশৃংখল পাঠ্যক্রম পেশ করেছে যাতে সাহিত্যিক সৌন্দর্যাবলী এবং আধুনিক শিক্ষা অভিজ্ঞতার সাথে ইসলামিয়াত এবং ধর্মীয় চেতনা পুরোদমে বিদ্যমান। আর ভারতীয় মুসলমানদের জন্য এ দু'টির প্রয়োজন ছিল অত্যাধিক। তবে রচনারীতির ক্ষেত্রে ইহা এখনো কোন পরিপূর্ণ জিনিস পেশ করেনি। এ কাজ আনজাম দেয়ার দায়িত্ব ছিল শিক্ষক মহোদয়গণের উপর এবং তারা নিজস্ব ভঙ্গি অনুযায়ী শ্রেণী কক্ষগুলোতে কাজ করতেন। কিন্তু এখানে শৃংখলা ও ভারসাম্যের অভাব ছিল সম্পূর্ণ প্রাকৃতিক। শ্রেণীগুলোতে শিক্ষা কার্যক্রম কিছু অসমতা ছিল এবং ইহার অনেকদিক বাকী থাকত এবং অনেক শূন্যতা বহাল থাকত।

এ অভাব দূরীভূত করার জন্য এটা প্রয়োজন ছিল যে রচনারীতির ও একটি পরিপূর্ণ এবং সুশৃংখল পাঠ্যসূচী থাকা যার সাহায্যে শিক্ষক মহোদয় সুশৃংখল পন্থায় শিক্ষার্থীদের কাছ থেকে কাজ আদায় করতে পারেন এবং ভারসাম্যের সাথে মাদ্রাসায় রচনামূলক শিক্ষা দান হয়। এ কাজের পূর্ণ খসড়া এবং পূর্ণ সিরিজ পেশ করা হল। আমরা আনন্দিত যে, আমাদের মাদ্রাসার একজন শিক্ষক মওলানা আবদুল মাজিদ নদভী সাহেব অত্যন্ত মার্জিত ও সুন্দর ভাষায় এ সিরিজের প্রথম খন্ড সংকলন করেছেন। আমাদের পূর্ণ বিশ্বাস যে, ইনশাআল্লাহ ইহা আরবী মাদ্রাসা সমূহের জন্য উপকারী ও উপযোগী বলে বিবেচিত হবে।

এই পুস্তিকায় রচনা ও অনুবাদের অনুশীলনীর পূর্বে আরবী ব্যাকরণের প্রয়োজনীয় নিয়মাবলীর বিবরণ দেয়া হয়েছে। যার উপর রচনা ও অনুবাদ রচনার ভিত্তি স্থাপিত। অতঃপর বিভিন্ন ধরণের অনুশীলনী দেয়া হয়েছে। যার দ্বারা একদিকে এসব নিয়মনীতি মুখস্থ ও পাকাপোক্ত হয়ে যায়, অপরদিকে ছাত্রদের বিশুদ্ধ বাক্য গঠন এবং আরবী রচনা লিখার অভ্যাস হয়। মূলতঃ ব্যাকরণ শিক্ষাদানেরও একটি স্বাভাবিক নিয়ম এইযে, একে শুধুমাত্র ব্যাকরণ রীতি এবং উদাহরণ আকারে ছাত্রদেরকে বুঝানো এবং মুখস্থ করানোর পরিবর্তে বাক্য ও ব্যবহারিক উদাহরণের সাহায্যে এ বিষয়কে তাদের অন্তরে গেঁথে

দেয়া হোক। আর ছাত্রদের কাছ থেকে ব্যবহারিক দিক থেকে তা আদায় করা হোক। ব্যাকরণকে ভাষা থেকে বিচ্ছিন্ন করে ব্যবহারিকভাবে শিক্ষাদান করা শুধুমাত্র পরবর্তী অনারবদের বৈশিষ্ট্য। আরবী ভাষা ভাষীরা এ বিষয়ে অপরিচিত।

বইতে বর্ণিত অনুশীলনীগুলো এক ধরনের নয় এবং বাক্যগুলো ও শৃঙ্খল এবং প্রাণহীন নয় বরং এগুলোতে রয়েছে ভিন্নতা, জীবন এবং তৃপ্তি।

এগুলোর সম্পর্ক সাধারণতঃ দৈনন্দিন জীবন এবং ছাত্রদের পৃথিবীর সাথে যদিও তা সীমিত ও সংক্ষিপ্ত তথাপি তা রকমারী ও মনোমুগ্ধকারী। সে সব বাক্যে এদের প্রয়োজনীয় শব্দাবলী এবং চারিপাশের পৃথিবীর প্রয়োজনীয়তাগুলো বিদ্যমান আর তারা এগুলোর সহায়তায় চতুর্পার্শ্বের ভাব প্রকাশ করতে পারে।

অতঃপর বাক্য ও শব্দ নির্বাচনেও ইসলামী মানসিকতা এবং ধর্মীয় ধ্যান সুস্পষ্ট। অধিকাংশ বাক্য কোরআন ও হাদীস হতে চয়নকৃত। এসব বাক্য ও পাঠ্যানুশীলনীর দ্বারা ও আরবী মাদ্রাসাগুলোর নবাগত শিক্ষার্থীদের ধর্মীয় অনুভূতিকে উৎসাহিত করার চেষ্টা করা হয়েছে। আর পরিস্কার ধারণা লাভ হয় যে, এগুলি সে সমস্ত মুসলমানদের পাঠ্য বই যাদেরকে ভবিষ্যতে ধর্মের আহবায়ক ও ইসলামের বীর সেনানী হতে হবে এবং ভাষা শিক্ষার মাধ্যমে তাদের ধর্মীয় খেদমতের কাজ আনজাম দিতে হবে।

আশাকরি সেসব বৈশিষ্ট্যের ধারক হিসেবে এই পুস্তিকাটি আরবী মাদ্রাসাগুলোতে জনপ্রিয়তা ও গ্রহণযোগ্যতার দৃষ্টিতে দেখা হবে। আর এটি যথা সময়ে এ ঘাটতি পূর্ণ করবে যা আমাদের পাঠ্যসূচীতে বহুকাল ধরে অনুভূত হচ্ছিল। আল্লাহ রব্বুল আলামীন এ পুস্তিকা দ্বারা উপকৃত হওয়ার সুযোগ দান করুন।

আমীন। **واخر دعوانا ان الحمد لله رب العالمين** ।

সৈয়দ আবুল হাসান আলী নদভী
৬ই শাওয়াল ১৩৭২ হিজরী।

ভূমিকা

আরবী ভাষা একটি আন্তর্জাতিক ও প্রাণবন্ত ভাষা, সেমেটিক ভাষাগুলোর শাখা সমূহে আরবী ভাষা হল সবচেয়ে বেশী বিজ্ঞান সম্মত, সুবিন্যস্ত, সন্নিবেশিত এবং ব্যাকরণ-রীতির দিক থেকে সুশৃংখলিত। সাথে সাথে আরবী ভাষার শব্দ সমূহ খুবই শ্রুতিমধুর, উপস্থাপনারীতি বড়ই হৃদয়গ্রাহী, বর্ণনাভংগী অত্যন্ত প্রভাব বিস্তারকারী যার অর্থ খুবই গভীর এবং সুদূর প্রসারী। প্রচলিত ভাষা সমূহে এজন্যে তার এক বিশেষ স্থান রয়েছে। ভাষাটির এই সৌন্দর্য্য এবং অনন্য বৈশিষ্ট্যই এই ভাষাকে পনের শত বছর পর্যন্ত বহুল প্রচলিত শুধুমাত্র ভাব প্রকাশের একটি ভাষা হিসেবে প্রতিষ্ঠিত করেছে, তাই নয় বরং একটি উন্নত, ব্যাপক এবং মর্মস্পর্শী সাহিত্য ও শৈল্পিক ভাষার কাঠামোতেই জীবিত রেখেছে।

আরবী ভাষার ব্যাপকতা ও গ্রহণযোগ্যতার জন্য একথাই যথেষ্ট যে, কুরআন এবং হাদীসের ভাষা আরবী। অনুরূপভাবে ইসলামী জ্ঞান ভান্ডারের সকল প্রমাণপঞ্জী রয়েছে আরবী ভাষাতেই কাজেই ইসলামী জ্ঞানে পরিপক্বতা এবং নিপুণতা অর্জনের জন্য 'আরবী ভাষা শিখা অতীব জরুরী'।

এই মহান লক্ষ্যকে সামনে রেখে আরবী ভাষা সহজ ভাবে অর্জন, সহজ পদ্ধতিতে আয়ত্তে আনার জন্য একটি আরবী রচনা গ্রন্থ প্রণয়নের প্রয়োজনীয়তা তীব্রভাবে দীর্ঘদিন থেকে আমি অনুভব করে আসছিলাম। যে গ্রন্থে আরবী রচনার পাঠগুলো হবে ব্যাকরণ-রীতির আলোকে অর্থাৎ একদিকে সংক্ষিপ্ত ভাবে ব্যাকরণের নিয়মাবলীর উল্লেখ থাকবে অন্য দিকে তার প্রয়োগের ক্ষেত্রেও বাস্তব ব্যবহারিক দিকের বিষয়টি গুরুত্ব দেয়া হবে, এতে করে ব্যাকরণের উপর পূর্ণ অনুশীলন ও হয়ে যাবে।

আমাদের বাংলাদেশের ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে আরবী রচনা শিক্ষার কোন বুনয়াদী গ্রন্থ তো নেই-ই। এর পরও বর্তমানে হাতের কাছে দুয়েকটি যা পাওয়া যায় তার মান সন্তোষজনক নয়। অতএব আরবী ব্যাকরণরীতি অনুশীলনের পাশাপাশি আরবী রচনা শিক্ষার জন্য এমন একটি বুনয়াদী গ্রন্থ প্রণয়নের প্রয়োজন ছিল যা আরবী শিক্ষার্থীদের জন্য বিশেষ সহায়ক গ্রন্থরূপে বিবেচিত হবে। এরই ভিত্তিতে আমি নদওয়াতুল উলামা লখনৌর আরবী সাহিত্য ও রচনায় ব্যুপ্তিশীল অভিজ্ঞ প্রতিথ যশা পন্ডিতদের পরামর্শ গ্রহন করি। তাঁরা প্রত্যেকে আমাকে এ কাজের জন্য উৎসাহিত করেছেন বিশেষ করে হযরত মাওলানা সাইয়েদ আবুল হাসান আলী আল নদভী, (রেকটর নদওয়াতুল উলামা লখনৌ) মাওলানা মুহাম্মদ রাবে' আল নদভী প্রিন্সিপ্যাল নদওয়াতুল উলামা লন্ডনী, ডঃ আব্দুল্লাহ আব্বাস নদভী (প্রাক্তন প্রফেসর

উম্মুল কুরা বিশ্ববিদ্যালয়, মক্কা, বর্তমান শিক্ষা পরিচালক নদওয়াতুল উলামা লাখনৌ) মাওলানা সায়ীদুর রহমান আ'জমী নদভী, (প্রধান সম্পাদক, আল বা'আস আল ইসলামী) প্রমুখগণ সম্মিলিতভাবে পরামর্শ দিয়েছেন যে, নদওয়াতুল উলামা এবং ভারত বর্ষের দ্বিনি প্রতিষ্ঠান সমূহের পাঠ্য তালিকাভুক্ত আরবী রচনা গ্রন্থ **معلم الإنشاء** বাংলায় ভাষান্তর করে ছাপিয়ে দেই। আরো প্রনিধানযোগ্য কথা হল যে, "**معلم الإنشاء**" - (আরবী-উর্দু) এই উপমহাদেশে (ভারত, পাকিস্তান, বাংলাদেশ) আরবী রচনা শিক্ষার জন্য সবচেয়ে নির্ভরযোগ্য গ্রন্থ। তাই আমি উক্ত পরামর্শের বাস্তব রূপ প্রদান এবং বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপট বিবেচনা করে "**معلم الإنشاء**" গ্রন্থটি সামান্য পরিবর্তন, পরিবর্ধনের মাধ্যমে বাংলায় ভাষান্তর করেছি। গ্রন্থটির প্রথমভাগ দাখিল ৮ম ও ৯ম এবং এর সমমানের ক্লাশের জন্য পাঠ্য তালিকাভুক্ত হওয়ার উপযুক্ত। "**معلم الإنشاء**" র প্রথম ভাগ প্রকাশের পরপরই দ্বিতীয় এবং তৃতীয় ভাগ প্রকাশিত হবে ইনশাআল্লাহ।

এরই ধারাবাহিকতায় আমি সবার আগে পূর্বোক্ত নদওয়ার পরম শ্রদ্ধাভাজন আমার ওস্তাদগণের কৃতজ্ঞতা জ্ঞাপন করছি যে সমস্ত বুয়ুর্গদের পরামর্শ এবং উৎসাহের মাধ্যমে আমার সম্মুখ যাত্রা শুরু হয়। আমি শ্রদ্ধেয় অধ্যাপক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরবী ও ইসলামিক স্টাডিজ বিভাগের প্রাক্তন চেয়ারম্যান জনাব ডঃ আনোয়ারুল হক খতিবীর কাছেও কৃতজ্ঞতা পাশে আবদ্ধ যিনি অত্যন্ত সূক্ষ্মতার সাথে নিরীক্ষনের কাজ আনুজাম দিয়েছেন। আর আমার প্রিয় ছাত্র কামাল উদ্দিনের (এম. এ. ফাইনাল পরীক্ষার্থী) সহযোগিতাকে ও এক্ষেত্রে উল্লেখ না করে পারছি না যে গ্রন্থটির খসড়া পাণ্ডুলিপি সুন্দর ও স্পষ্ট হস্তাক্ষরে লিখে দিয়ে বইটি প্রকাশের কাজকে একধাপ এগিয়ে নিয়েছে। পরিশেষে ভাগ্নেয় মুজাহিদুল ইসলাম চৌধুরীর (স্বত্বাধিকারী মাইকো জুট এন্ড ব্যাগ করপোরেশন) কৃতজ্ঞতা প্রকাশ করছি, যিনি আর্থিক সহযোগিতা দিয়ে বইটির মুদ্রন কাজকে সহজ করে দিয়েছেন। পাঠক সমাজের কাছে আমার একান্ত আবেদন ও অনুরোধ হল গ্রন্থটিতে মৌলিক কোন ভুল প্রমাদ থেকে থাকলে তা যেন অবহিত করেন। যাতে করে পরবর্তী সংস্করণে প্রয়োজনীয় সংশোধনের ব্যবস্থা করা যেতে পারে।

ওয়াস্‌সালাম

আবুরেজা মোহাম্মদ নেজামুদ্দীন নদভী

চট্টগ্রাম।

সূচী পত্র (Contents)

পৃষ্ঠা নং

বিষয়

বিভিন্ন মনীষি ও আরবী সাহিত্য বিশারদদের অভিমত

ভূমিকা

আল্লামা সাইয়িদ আবুল হাসান 'আলী নদভী মঃ আঃ লিখিত
অনুবাদের কথা

প্রথম পাঠ

কালিমা এবং তার প্রকার ভেদ। اسم (বিশেষ্য) ফে'ল (ক্রিয়া) হরফ
(অব্যয়) অনুশীলনী (১)

১

দ্বিতীয় পাঠ

معرفة (নির্দিষ্ট ও অনির্দিষ্ট বিশেষ্য) نكرة এর
প্রকারভেদ অনুশীলনী নং (২) ও (৩)

৩

তৃতীয় পাঠ

مركب ناقص ও مركب تام (সম্পূর্ণ ও অসম্পূর্ণ বাক্য)।
مركب ناقص এর প্রকারভেদ। অনুশীলনী নং (৪)

৬

চতুর্থ পাঠ

مركب توصفي এবং তার নীতিমালা। ইরাবে মরিফা ও নাকিরায়,
موصوف এবং صفت এর সামঞ্জস্যতা এবং ইহার অনুশীলন, অনুশীলনী
নং (৫), (৬) ও (৭)

৭

موصوف و صفت এবং موصوف و صفت এর সামঞ্জস্য এবং এর
অনুশীলন, অনুশীলনী নং (৮), (৯), (১০) ও (১১)

تذكير এবং تانيث (পুলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের) নীতিমালা (হাশিয়াতে)

একবচন ও বহুবচনে موصوف এবং صفت এর সাদৃশ্য। অনুশীলনী
(১২), (১৩) (১৪) (১৫ ও ১৬)

مفرد এবং جمع (একবচন ও বহুবচনের) নীতিমালা। (হাশিয়া)

পঞ্চম পাঠ

مركب اضافي এবং ইহার নীতিমালা (সম্বন্ধ বাচক বাক্য)

১৭

مفرد (একবচন) এর সম্বন্ধ। অনুশীলনী নং (১৭) (১৮) ও (১৯) পৃষ্ঠা নং
 দ্বিবচন ও বহুবচনের সম্বন্ধ। অনুশীলনী নং (১৭) (১৮) ও (১৯)
 দ্বিবচন ও বহুবচনের সম্বন্ধ। অনুশীলনী নং (২০), (২১) ও (২২)।
 مضاف اليه যখন কয়েকটি হয়। অনুশীলনী (২৩) ও (২৪)
 ضمير (সর্বনামের) প্রতি সম্বন্ধ। অনুশীলনী নং (২৫), (২৬), (২৭) ও
 (২৮)

ضمائر বা সর্বনামের বর্ণনা, সংলগ্ন সর্বনাম, পৃথক সর্বনাম।

ضمير منصوب منفصل - ضمير مرفوع مجرور
 (পেশযুক্ত) কাসরা সর্বনাম, ফাতহযুক্ত পৃথক সর্বনাম (নোটে)

ষষ্ঠ পাঠ

২৫

مركب تام (পূর্ণবাক্য)

جملة اسميه এবং এর নীতিমালা, অনুচ্ছেদ নং (২৯), (৩০),
 (৩১) ও (৩২)

ابتدا যখন ضمير বা সর্বনাম হয়। অনুঃ নং (৩৩), (৩৪)

ابتدا বা উদ্দেশ্য যখন اسم اشاره (নির্দেশক সর্বনাম) হয়। অনুঃ
 নং (৩৫) ও (৩৬)

اسماء اشاره (নির্দেশক সর্বনামের) বর্ণনা (হাশিয়াতে)
 অনুশীলনী
 ترکیب توصیفی এবং ترکیب اضافی
 নং (৩৭) ও (৩৮)

خبر تہ ترکیب اضافی এবং ترکیب توصیفی
 অনুশীলনী নং ৩৯, ৪০

لازم এবং (ক্রিয়াবাচক বাক্য) এবং ইহার নীতিমালা।
 متعدی (অকর্মক এবং সকর্মক) فاعل বা কর্তানুসারে فعل বা ক্রিয়ার
 পুংলিঙ্গ স্ত্রীলিঙ্গ এবং একবচন ও বহুবচনের নীতিমালা।

সপ্তম পাঠ

৩৪

جملة فعلیه (ক্রিয়াবাচক বাক্য) এবং ইহার নীতিমালা।

لازم এবং متعدی (অকর্মক এবং সকর্মক) فاعل বা কর্তানুসারে
 বা ক্রিয়ার পুংলিঙ্গ স্ত্রীলিঙ্গ এবং একবচন ও বহুবচনের নীতিমালা।

جمله فعليه এর চর্চা। অনুশীলনী নং (৪১) ও (৪২)

فاعل (কর্তা) যখন ظاهر اسم হয়। অন: নং (৪৩) এবং (৪৪)

অষ্টম পাঠ

৩৮

فعل এর প্রকারভেদ ماضى (অতীত) مضارع (বর্তমান ও ভবিষ্যত), আদেশ ও নিষেধাজ্ঞা।

اثبات (হ্যাঁ বাচক) نفى (না-বাচক) এবং ইহার নীতিমালা। فعل ماضى বা অতীত ক্রিয়ার সিগা বা শব্দরূপ সমূহ।

فاعل (কর্তা) যখন ضمير (সর্বনাম) হয়। অনুশীলনী (৪৫), (৪৬), এবং (৪৭)।

নবম পাঠ (১)

৪২

فعل مضارع এবং ইহার সিগা (শব্দরূপ) অনুশীলনী নং - (৪৮), (৪৯) ও (৫০)

নবম পাঠ (২)

৪৬

فعل مستقبل (বর্তমান ও ভবিষ্যত ক্রিয়া) অনুঃ (৫৩)

নবম পাঠ (৩)

৪৭

استمرار (বর্তমান ও ভবিষ্যত ক্রিয়া) فعل مضارع (ঘটমান এবং স্থায়ী) এর অর্থে। অনুশীলনী নং (৫৪)

দশম পাঠ

৪৮

فعل مجهول (কর্মবাচ্য) نائب فاعل এবং ইহার নীতিমালা। (অতীত কর্মবাচ্য) অনুশীলনী নং (৫৫) ও (৫৬)

مضارع مجهول (বর্তমান ও ভবিষ্যত কর্মবাচ্য) অনুঃ (৫৭) ও (৫৮)

একাদশ পাঠ

৫২

ماضى بعید (দূরবর্তী এবং ঘটমান অতীত) ماضى بعید এবং ماضى استمرارى এর গঠনপ্রণালী এবং এগুলোর রূপান্তর।

ماضى بعید অনুশীলনী নং (৫৯) এবং (৬০)।

ماضى استمرارى অনুশীলনী নং - (৬১) ও (৬২)

এর আলোচনা এবং সিগাসমূহ।

এর **لام تاكيد** ও **نون تاكيد** সহকারে **امر** ও **نهي** এর **تاكيد**। অবশিষ্ট নবদাতা **حرف** গুলোর অনুশীলন।

أن এবং **إذن** এর ব্যবহার। অনুঃ নং (৯১) ও (৯২)

এর **حتى** এবং **لام تعليل** (**آن** বা **উহ্য**) **آن مقدره** পরে। অনুশীলনী নং - (৯৩) ও (৯৪)।

সাধারণ অনুশীলনী নং - (৯৫) **الانشاء** বা রচনা সম্পর্কীয় অনুশীলনী নং - (৯৬)

সপ্তদশ পাঠ (১)

৮৬

ادوات الاستفهام (প্রশ্নবোধক অব্যয়)।

অনুশীলনী নং - (৯৭), (৯৮), (৯৯), (১০০), (১০১), ও (১০২)

সপ্তদশ পাঠ (২)

৯১

একসাথে **استفهام** ও **نفي** এর জবাবে **نعم** এবং **بلى** এর স্থানসমূহ। অনুশীলনী নং - (১০৩), (১০৪), (১০৫) ও (১০৬)

অষ্টাদশ পাঠ (১)

৯৪

ادوات الشرط (শর্তারোপকারী অব্যয়)।

فأ আনা **ادوات الشرط الجازمة** শর্তের জবাবে যেখানে আবশ্যিক। অনুঃ নং (১০৭), (১০৮), (১০৯) ও (১১০)।

অষ্টাদশ পাঠ (২)

৯৮

অনুঃ নং (১১১) ও (১১২)। **ادوات الشرط غير الجازم**

উনবিংশতম পাঠ

১০১

অনুঃ নং (১১৩) ও (১১৪) **اسم موصول** (সম্বন্ধ বাচক সর্বনাম)

বিংশতম পাঠ

১০৩

جملة (বাক্য রহিতকারী)

حروف مشبه بالفعل (ক্রিয়ার সামাজস্য অক্ষর সমূহ)

Parttcles Resembling verbs)

এবং ইহার নীতিমালাঃ অনুঃ নং - (১১৫), (১১৬), (১১৭) ও (১১৮)

একবিংশতম পাঠ

افعال ناقصه এর দ্বিতীয় প্রকার نواسخ جمله (অসমাপিকা ক্রিয়া) ১০৭

অনুশীলনী নং - (১১৯), (১২০), (১২১), (১২২), (১২৩), ও (১২৪)

বাইশতম পাঠ

১১২

ما ولا المشبهتين এর তৃতীয় প্রকার نواسخ جمله এর সাথে সামঞ্জস্যশীল ما এবং لا । অনুশীলনী নং - (১২৭) ও (১২৬) ।

তেইশতম পাঠ

১১৫

لائے نفى جنس এর চতুর্থ প্রকার نواسخ جمله - অনুঃ নং - (১২৭) ও (১২৮) ।

চব্বিশতম পাঠ

১১৭

افعال مقاربه والرجاء والشروع
 (বিধেয়) তে أن আনার পদ্ধতি সমূহ ।

অনুঃ নং (১২৯), (১৩০), (১৩১) ও (১৩২)

পঞ্চবিংশতম পাঠ

১২১

حروف جارہ (যের প্রদানকারী অব্যয়গুলো) ।

অনুশীলনী নং - (১৩৩) ও (১৩৪)

পত্রলিখন

১২৪

(১) একজন ছাত্রের পক্ষ থেকে তার পিতার নিকট পত্র ।

(২) পুত্রের চিঠির জবাবে পিতা ।

অনুশীলনী - (১৩৫)

কঠিন শব্দ সমূহের অর্থ ।

১ - অনুশীলনী - التمرين الأول

حرف - এবং (ক্রিয়া) فعل (বিশেষ্য) اسم থেকে নিম্নলিখিত বাক্যগুলো

অব্যয় বেছে নাও।

- (১) الطير يطير في الهواء
- (২) السمك يعيش في الماء
- (৩) العصفور يتغرد على الشجرة
- (৪) إن السفينة تجرى على الماء
- (৫) ينزل المطر من السماء
- (৬) سافر على إلى دهلى
- (৭) توضأت بالماء البارد
- (৮) صدت الطيور بالبندقية
- (৯) حفظ التلميذ الدرس
- (১০) ان الله على كل شىء قدير

الدرس الثاني - দ্বিতীয় পাঠ

(معرفة و نكرة) নির্দিষ্ট বিশেষ্য ও অনির্দিষ্ট বিশেষ্য

Definite noun ও Indefinite noun

। معرفه এবং نكره - যথা বিশেষ্য দু'প্রকার, اسم

نكرة (Indefinite noun): এক জাতীয় কয়েকটি জিনিসের সমন্বয়কে

"اسم نكرة" বলা হয়। اسم نكرة কোন নির্দিষ্ট বস্তুর প্রতি নির্দেশ করে না।
যেমন- ماء (কিছু পানি বা কোন প্রকারের পানি), بلد (কোন শহর) ইত্যাদি।

معرفة (Definite noun): যে সমস্ত اسم (বিশেষ্য) কোন নির্দিষ্ট বস্তু বুঝায় তাকে معرفة বলা হয়। যেমন- الكتاب (কোন নির্দিষ্ট বই), الفرس (কোন নির্দিষ্ট ঘোড়া), دكا (নির্দিষ্ট শহরের নাম), خالد (একজন নির্দিষ্ট ব্যক্তির নাম)। (১)

اسم معرفة সাত প্রকার। আর সেগুলো হলোঃ-

علم (Proper noun, নামবাচক বিশেষ্য) কোন ব্যক্তি ও ব্যক্তিবর্গ আর শহর ইত্যাদির নির্দিষ্ট নাম যে গুলো কোন সুনির্দিষ্ট নিয়মে রাখা হয় তাকে علم বলে। যেমন-

دهلى - محمود - خالد - مصر العراق - مكة المكرمة

২। معرف باللام: যে সমস্ত اسم কে ال অব্যয় দ্বারা معرف বানানো হয়েছে সে সব اسم কে معرف باللام বলা হয়। যেমন- الكتاب، البيت، الرسول،- যেমন- الولد ইত্যাদি।

"ال" পদটিকে حرف تعريف বলা হয় অর্থাৎ معرفে প্রস্তুতকারক পদ। যখন কোন نكرة কে معرفে বানানোর উদ্দেশ্যে তার শুরুতে "ال" আনা হয় তখন সে معرفে পরিণত হয়। যেমন- الرجل থেকে الولد, الرجل থেকে الولد।

"ال" যুক্ত শব্দ সমূহের উপর تنوين আসে না। علم অর্থাৎ নামের উপর ال প্রবেশ

টীকা (১) সাধারণত কোন কোন একটি, কতক বা সামান্য এবং কিছু প্রভৃতি শব্দসমূহ দ্বারা نكرة এর অনুবাদ করা হয়। আর معرفে এর অনুবাদ সাধারণভাবে অর্থাৎ معرفে এরর অনুবাদ করার সময় নির্দিষ্ট বিশিষ্ট (مخصوص و خاص) প্রভৃতি শব্দ আনার প্রয়োজন হয় না। বরং এটি অন্তরের মধ্যে থাকে এবং

করে না। অবশ্যই যে নাম সমূহের শুরুতে পূর্ব থেকে ال (আলিফ লাম) থাকে সেগুলো বহাল থাকবে। যেমন- المدينة - العراق আর البصرة প্রভৃতি নাম সমূহের শুরুতে পূর্ব থেকে আলিফ লাম বিদ্যমান।

৩। اسم ضمير বা সর্বনাম - (Personal Pronoun) :

যেমন - هو ، هما ، هم ، انت ، انا ، نحن প্রভৃতি।

৪। اسم اشارة বা ইঙ্গিতবাচক সর্বনাম - (Demonstrative Pronoun) :

যেমন هذا (সে সমস্ত) أولئك (এ সমস্ত) هؤلاء (উহা) تلك ، ذلك (ইহা) هذه ، هذا

৫। اسم موصول বা সম্বন্ধ বাচক সর্বনাম (Relative Pronoun) ।

الذي (যে, যাহা) اللاتي ، الذين (যে, যাহা) التي ، التي

৬। اسم منادى যেমন يا ولد ، يا رجل ইত্যাদি।

৭। اسم مضاف إلى المعرفة বা সম্বন্ধবাচক বিশেষ্য (Possessive Case) : যে

সমস্ত اسم - বা বিশেষ্য معرفة এর প্রথম পাঁচ প্রকারের মধ্যে কোন এক প্রকারের সম্বন্ধযুক্ত হয় সে সমস্ত اسم কে معرفة إلى المعرفة বলা হয়। যেমন- كتاب قلمه (মাহমুদের পুস্তক) فرس الرجل (পরিচিত নির্দিষ্ট লোকের ঘোড়া) (তার কলম) كتاب الذي جاء (আগত লোকটির পুস্তক)।

২ - অনুশীলনী - التمرين الثاني

বাংলায় অনুবাদ কর :

- | | |
|-------------|-------------|
| (১) القلم | (২) الكتاب |
| (৩) كراسة | (৪) خبر |
| (৫) مرسوم | (৬) المحبر |
| (৭) السبورة | (৮) البستان |
| (৯) الشجرة | (১০) غصن |
| (১১) الورق | (১২) الزهر |

(১০) الثَّمَر	(১৪) فاكهة
(১৫) بيت	(১৬) السَّقْف
(১৭) الباب	(১৮) جدار
(১৯) المفتاح	(২০) قفل
(২১) الشَّبَّاك	(২২) الأب
(২৩) الاخ	(২৪) الأستاذ
(২৫) الولد	(২৬) تلميذ
(২৭) الخادم	(২৮) البنت

৩ - অনুশীলনী - التمرين الثالث

আরবীতে অনুবাদ কর :

(১) চন্দ্র	(১৫) বৃষ্টি এবং কুয়াশা
(২) তারকা	(১৬) টেবিল
(৩) সূর্য	(১৭) একটি ছোট বেঞ্চ
(৪) আকাশ	(১৮) কোন চেয়ার
(৫) ভূমি	(১৯) একটি ডেক্স
(৬) মেঘ	(২০) কালি শোষণ কাগজ
(৭) বাতাস	(২১) কোর্তা
(৮) সমুদ্র	(২২) একখানা রুমাল
(৯) পর্বত	(২৩) কোন তোয়ালে
(১০) বন	(২৪) জুতা
(১১) আগুন	(২৫) একটি টুপি
(১২) পানি	(২৬) পায়জামা
(১৩) ধোঁয়া	(২৭) বালিশ
(১৪) আলো ও অন্ধকার	(২৮) চাদর (বেডসিট)

তৃতীয় পাঠ - الدرس الثالث مرکب

দুই বা ততোধিক শব্দের সমষ্টিকে **মরক্ব** বলা হয়।

মরক্ব **নাঊ** - **আর** **মরক্ব** **তাম**। **মরক্ব** দুই প্রকার।

মরক্ব **তাম** : যে **মরক্ব** দ্বারা সম্পূর্ণ ভাব প্রকাশ করা যায় বা পুরোপুরি কথা বুঝা যায় অর্থাৎ কোন সংবাদ কোন নির্দেশ বা শখ বুঝা যায় তাকে **মরক্ব** **তাম** বলা হয়।
نظف (ছেলেটি খেলে) **يلعب الولد** (বাগানটি সুন্দর) **- البستان جميل** (তোমার কাপড় পরিস্কার করে নাও) **- ثيابك** এবং **سائد** **داؤا** ও **عبر** **- اجلس** (বস) প্রভৃতি।

এবং **كلام** ও **جملة مفيدة** **-** **مركب تام** -

মরক্ব **নাঊ** : যে বাক্য দ্বারা পুরোপুরিভাবে কিছু বুঝা যায় না তাকে

মরক্ব **নাঊ** বলা হয়। যেমন : **الثوب النظيف** (পরিস্কার কাপড়) এবং **خذاء خالد** (খালিদের জুতা) **خمس عشرة** (পনের) প্রভৃতি।

এবং **مركب توصيفى** **মরক্ব** **নাঊ** কয়েক প্রকারের হয়। তন্মধ্যে **مركب اضافى** **মরক্ব** **নাঊ**।

টীকা : **مركب تام** এর মধ্যে **قم** , **اجلس** , **انت** শব্দ আপাতঃ দৃষ্টিতে একটি মাত্র শব্দ মনে হয়। সুতরাং হয়ত এগুলোকে তোমরা **مفرد** মনে করবে আসলে এমনটি নয়। বরং সেখানে একটি শব্দ উহা রয়েছে। সেটা যদিও বলা যাচ্ছে না কিন্তু বুঝা যাচ্ছে। অর্থাৎ এখানে একটি শব্দ উহা আছে আর সেটা হল **انت**। যখন **اجلس** বলা হবে তখন এর দ্বারা **انت** **اجلس** ই বুঝা যাবে। আর সম্পূর্ণ ভাবটা বুঝা যাবে। তাই তাকে **مركب تام** বলা হয়।
الثوب النظيف , **مركب** **নাঊ** এর বিপরীত **مركب** **নাঊ** **خمس عشرة** , **ماء البحر** , **مركب** **নাঊ** **خمس عشرة** প্রভৃতি বাক্য যদিও দুই দুইটি শব্দ দ্বারা গঠিত কিন্তু এগুলোর দ্বারা পুরোপুরি কিছু বুঝা যাচ্ছে না। তাই এগুলোকে **مركب** **নাঊ** বলা হয়।

৪ - অনুশীলনী - التمرين الرابع

এর মধ্যে পার্থক্য নিরূপন কর :
 ৩ مركب تام ৫ مركب ناقص

- | | |
|----------------------|------------------------|
| (১) الماء بارد | (২) الثوب نظيف |
| (৩) البيت النظيف | (৪) ليس الولد |
| (৫) ليت الفاكهة | (৬) اكل فريدين الفاكهة |
| (৭) القلم الذى | (৮) لعل الخادم |
| (৯) لعل التلميذ ينجح | (১০) ان جئت |
| (১১) كأن الكتاب | (১২) النجم لامع |
| (১৩) الفاكهة ناضجة | (১৪) نامت الصبية |

চতুর্থ পাঠ - الدرس الرابع

مركب توصيفى

কোন (اسم ذات) বা বিশেষ্যের (اسم) বা কয়েক কোন : مركب توصيفى
 গুণ, দোষ বা অবস্থা ইত্যাদি বর্ণনা করা হয় তাকে مركب توصيفى বলে। যেমনঃ
 الولد المجتهد (ঠান্ডা বাতাস) الهواء البارد (মিষ্টি পানি) - الماء العذب
 (পরিশ্রমী বালক) محمود ن الخطيب (বক্তা মাহমুদ) প্রভৃতি।

এবং দ্বিতীয় অংশকে
 مركب توصيفى এর প্রথম অংশকে
 صفت বলা হয়

(২) اسم صفت : সাধারণত (১) আর اسم ذات সর্বদা موصوف হয়ে থাকে।

(১) اسم ذات - অর্থ সে সব শব্দ যেগুলো কোন জিনিসের অবস্থান মাত্র বুঝায়।
 যেমন- উপরোক্ত উদাহরণ সমূহে الماء (পানি) الهواء (বাতাস) الولد (বালক) আর
 محمود (মাহমুদ) প্রভৃতির শুধুমাত্র ওজুদ বা অবস্থান আর সেগুলোর ذات বা প্রকৃতির
 উপর দলালত করছে।

(২) اسم صفت কোন জিনিসের ভাল-মন্দ, অবস্থা, দোষ ও গুণ প্রভৃতি বুঝায়। যেমন
 البارد (ঠান্ডা) এ الخطيب (পরিশ্রমী) المجتهد (মিষ্টি) - الماء العذب
 এ চারটি শব্দ অবস্থা আর বৈশিষ্ট্য বুঝায়।

৫ - অনুশীলনী - التمرين الخامس

এর সামঞ্জস্যতা। এর মধ্যে **وصف** ও **تنكير** আর **تعريف**

বাংলায় অনুবাদ করঃ

- | | |
|--------------------|---------------------|
| (১) البستان الجميل | (২) الغصن الاخضر |
| (৩) الورق الناعم | (৪) ثوب رخيص |
| (৫) قلم ثمين | (৬) الرداء الخشن |
| (৭) المطر الغزير | (৮) السحاب الكثيف |
| (৯) تلميذ مجتهد | (১০) الفلاح الكسلان |
| (১১) القطار السريع | (১২) فرس بطئ |
| (১৩) التفاح الحلو | (১৪) الليمون الحامض |
| (১৫) إقبال الشاعر | (১৬) الدين القيم |

৬ - অনুশীলনী - التمرين السادس

নিম্নে প্রদত্ত শব্দগুলি দ্বারা **مركب توصيفى** এর বাক্য গঠন কর :

- الناعم - السريع - ولد - الجديد - الباب - طائر - صغير -
 جميل - المسجد - الكتاب - شبك - الكبير - الحصان - صالح
 - المغلق - مفتوح - الثوب - الفراش - الخلق - بيت

৭ - অনুশীলনী - التمرين السابع

আরবীতে অনুবাদ কর :

- (১) ঠান্ডা পানি (২) পরিষ্কার বায়ু (৩) মিষ্টি ফল (৪) লাল কালি (৫) কাল পেন্সিল (৬)
 একটি সুন্দর পাখি (৭) একটি মূল্যবান মাল্য (৮) মোটা ষাঁড় (৯) একটি দ্রুতগামী ঘোড়া
 (১০) প্রশস্ত সড়ক (১১) একটি সৎ বালক (১২) একটি ভাল বই (পুস্তক) (১৩) অধ্যবসায়ী

হয়। যেমন **خَالِدِينَ**

جر، و او অবস্থায় **رفع** এর অর্থার্থে নিয়মিত বহুবচন পুঃ এর **جمع مذكر سالم**

যেমন **خَالِدِينَ** এবং **ي** এর পরবর্তী অক্ষরে **مفتوح** হয়।

যেমন **خَالِدِينَ**

ছাত্র (১৪) দয়ালু শিক্ষক (১৫) সাহিত্যিক শাহিদ (১৬) শেষ নবী (সঃ) (১৭) রসূল মুহাম্মদ (সঃ) (১৮) সত্যবাদী রাসূল।

অনুশীলনী - ৮

এর স্ৰুত আৰ মুসুফ (স্ত্রী লিঙ্গের) মধ্যে তানীথ ও (পুং লিঙ্গ) -তুকির সামঞ্জস্যতা :

বাংলায় অনুবাদ কর :

- | | |
|---------------------|--------------------|
| (১) الحديقة الجميلة | (২) الشجرة المثمرة |
| (৩) وردة حمراء | (৪) الطعام الشهى |
| (৫) لحم طرى | (৬) حبز بائت |
| (৭) الفضة البيضاء | (৮) الفاكهة الفجة |
| (৯) زهرة مفتحة | (১০) ثمر ناضح |
| (১১) السماء الصافية | (১২) بنت جميلة |
| (১৩) خديجة العالمة | (১৪) حميدة الخرقاء |

(১) দু'ভাগে اسم লিঙ্গের দিক দিয়ে (স্ত্রীলিঙ্গ) তানীথ ও (পুংলিঙ্গ) তুকির (১) বিভক্ত- মডক বা পুংলিঙ্গ আৰ মুন্ঠ বা স্ত্রীলিঙ্গ।

আবার اسمী দু'প্রকার - اسم قياسي আৰ اسمى - اسم مؤنث। (শাব্দিক) আৰ (মৌলিক) معنوى।

(১) مؤنث لفظى এর প্রতীক তিনটি-যেগুলো اسم এর শেষে আসে আৰ সেগুলো নীচে বর্ণনা করা হচ্ছে :

عالمة، بقرة - امرأة - যেমন - سؤچক স্ত্রীলিঙ্গ - تائى তানীথ (১) الفضة ، مفتوحة

(২) الف مقصورة، الصغرى، سلمى، যেমন الف مقصورة (২)

(৩) الف ممدودة (সুন্দরী স্ত্রীলোক) حسناء (মেয়ের নাম) اسماء (৩) ইত্যাদি।

৯ - অনুশীলনী - তমরিন তাসে

শূন্যস্থান পূরণ কর :-

- (১) اللیل
- (২) الساعه
- (৩) كرسى
- (৪) البستان
- (৫) طاولة
- (৬) السبورة
- (৭) سعيد
- (৮) العقد
- (৯) المصابيح
- (১০) سيارة
- (১১) المنارة
- (১২) البقرة
- (১৩) شاة
- (১৪) فاطمة

১০ - অনুশীলনী - তমরিন তাসে

খালিস্থান পূর্ণ কর :-

- (১) اللامع -----
- (২) النقى -----
- (৩) المر -----
- (৪) مقمرة -----

- (৫) المظلم -----
 (৬) المثمر -----
 (৭) الغذب -----
 (৮) السمينة -----
 (৯) الهنذى -----
 (১০) بيضاء -----
 (১১) نشيط -----
 (১২) المظلة -----

১১ - অনুশীলনী التمرين الحادى عشر

আরবীতে অনুবাদ কর :

- (১) নীল আকাশ (২) উজ্বল সূর্য (৩) উঁচু পর্বত (৪) গভীর কূপ (৫) ফলদায়ক বৃক্ষ (৬) সুমিষ্ট ডালিম (৭) ঠান্ডা রাত্রি (৮) একটি অন্ধকার কক্ষ (৯) কোন উঁচু টেবিল (১০) একটি মূল্যবান ঘড়ি (১১) সাদা জামা (১২) কাল টুপি (১৩) শিক্ষিতা আয়েশা (১৪) মুজাহিদ খালেদ (১৫) একটি রক্তাক্ত যুদ্ধ।

১২ - অনুশীলনী التمرين الثانى عشر

(দ্বিবচন) আর বহুবচনে موصوف আর صفت এর সামঞ্জস্যতা)

বঙ্গানুবাদ কর :

- (১) الماء الرائق (২) الهواء النقى
 (৩) نجمعان لامعان (৪) الأنهار الجارية (الجاريات) (৫)

১। দ্বিবচন, আর বহুবচন, গণনার দিক দিয়ে اسم এর তিন প্রকার- واحد (এক বচন), جمع (বহুবচন), (দ্বিবচন)-ثنية (এক বচন)

এক কে এক বচন, দু' কে দ্বিবচন, আর দু'য়ের অধিককে বহুবচন বলে।

ثنية বা দ্বিবচন এর গঠন প্রণালী : যখন مرفوع হয় তখন

যোগ করলে (১ - ن) نون আর الف এর শেষে اسم مفرد واحد

অপর পৃষ্ঠায়

যের তারপরে যবর হয়।

(২) جمع مؤنث سالم যে সমস্ত একবচনে স্ত্রীলিঙ্গের শেষে الف আর تائے الف (বিস্তৃত) বাড়িয়ে বহুবচন করা হয় আর واحد - এর ওজন অবশিষ্ট থাকবে সেগুলোকে جمع مؤنث سالم বলা হয়। যেমন مسلمة থেকে فاطمات থেকে فاطمة - صالحات থেকে صالحة - مسلمات كلمات থেকে كلمة - شجرات থেকে شجرة - بقرات থেকে بقرة প্রভৃতি।

টিকা: الف আর عاقل এবং غير عاقل-তائے مبسوط উভয়ের জন্য আসে। ইহা جمع مذکر سالم এর বিপরীত। جمع مذکر سالم শুধুমাত্র পুরুষদের নাম এবং তাদের গুণাবলীর জন্যই আসে।

(২) جمع مؤنث سالم এর এ'র বা رفعی এর অবস্থায় পেশ সহকারে এবং - جری আর نصبی উভয়বস্থায় যের সহকারে হয়।

(৩) جمع مكسر (অনিয়মিত বহুবচন) যে جمع-র واحد বা একবচনের গঠন ঠিক থাকে না বরং বহুবচনে এসে ভেঙ্গে যায় তাকে جمع مكسر বলা হয়। যেমন رجل থেকে رجال, شاة থেকে شياه আর حديقة থেকে حداثق-প্রভৃতি।

গঠনের নির্দিষ্ট কোন নিয়ম নেই। جمع مكسر এর গঠন প্রণালী: جمع مكسر: কোন কোন সময় শুধুমাত্র হরকত (পেশ, যবর ও যের) এর পরিবর্তন দ্বারা হয়। যেমন- أسد থেকে أسد আর কখনো কোন অক্ষরের বিলোপ সাধন করে। যেমন رسول থেকে رسول আর কখনো কোন অক্ষর বাড়িয়ে (যোগ করে) جمع مكسر গঠন করা হয়। যেমন رجل থেকে رجال প্রভৃতি।

নীচে جمع مكسر এর কতগুলো ওজন লিখা যাচ্ছে এগুলো শিখে নাও।

افعال - مفاعل - مفاعيل - فعول - فعول - فعال - افعال - فعلاء - فواعل - فعائل - فعاليل - فعاللة-

(চিহ্নিত শব্দগুলো হচ্ছে غير منصرف তাই এদের উপর তানবীন আসবে না।

১৩ - অনুশীলনী التمرين الثالث عشر

উপযুক্ত صفات দ্বারা শূন্যস্থান পূরণ কর :

- | | | | |
|------------|----------|------------|-----------|
| (১) _____ | الأزهار | (২) _____ | الملابس |
| (৩) _____ | عمودان | (৪) _____ | المنظر |
| (৫) _____ | الليالى | (৬) _____ | البقرات |
| (৭) _____ | الحدائق | (৮) _____ | كرسيان |
| (৯) _____ | الفلاحون | (১০) _____ | التلميذات |
| (১১) _____ | تفاحتان | (১২) _____ | سلمان |

১৪ - অনুশীলনী التمرين الرابع عشر

শূন্যস্থান পূরণ কর :

- | | | | |
|------------|----------|------------|-----------|
| (১) _____ | الممطرة | (২) _____ | الضئيل |
| (৩) _____ | اللعبان | (৪) _____ | البارون |
| (৫) _____ | متلائي | (৬) _____ | الفائزتان |
| (৭) _____ | المورقة | (৮) _____ | القويان |
| (৯) _____ | الناحجون | (১০) _____ | عفيفتان |
| (১১) _____ | العابدات | (১২) _____ | مجتهادات |

১৫ - অনুশীলনী التمرين الخامس عشر

আরবীতে অনুবাদ কর :

- | | |
|-------------------------|---------------------------------|
| ১। আরবী মাদ্রাসাসমূহ | ১১। জ্যোৎসনাময়ী রজনীসমূহ |
| ২। শিক্ষিতা বালিকারা | ১২। হৃদয়গ্রাহী দৃশ্য |
| ৩। মুমিন নারীগণ | ১৩। কতক ফলদায়ক বৃক্ষ |
| ৪। সৎ মাতাগণ | ১৪। ফলন্ত ডালসমূহ |
| ৫। একটি সুন্দর আয়না | ১৫। আত্মসাৎকারী মন্ত্রীগণ |
| ৬। লাল গোলাপ ফুল | ১৬। পাশ্চাত্য সভ্যতা ও সংস্কৃতি |
| ৭। উত্তম ঋতু | ১৭। ন্যায়পরায়ণ বিচারকগণ |
| ৮। দু'টি সুন্দর পার্ক | ১৮। পর্দাহীনা নারীগণ |
| ৯। প্রবাহিত নদীসমূহ | ১৯। জাতীয় সংগীত |
| ১০। দু'টি উজ্জ্বল তারকা | ২০। সুমধুর গানসমূহ। |

অনুশীলনী - ১৬

التمرین السادس عشر

ইনশা সম্পর্কীয়

১। নিজ শ্রেণীকক্ষ সম্পর্কিত জিনিসগুলোর উপর **موصوف** এবং **صفت** এর এমন

ছয়টি বাক্য লিখ যেখানে একবচন দ্বিবচন আর বহুবচন এবং পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ এসে যায়।

২। নিজের শিক্ষা সম্পর্কিত জিনিসগুলোর উপর **موصوف** এবং **صفت** এর এমন

ছয়টি বাক্য তৈরী কর যে, একবচন, দ্বিবচন আর বহুবচন এবং পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ এসে যায়।

৩। স্থায়ী বাসস্থান সম্পর্কিত **موصوف** এবং **صفت** এর এমন ছটি বাক্য লিখ যে,

একবচন, দ্বিবচন ও বহুবচন এবং পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ এসে যায়।

পঞ্চম পাঠ

الدرس الخامس

مركب إضافي (সম্বন্ধ বাচক বাক্য-Relative sentence)

مركب اضافي : দু'টি اسم এর এমন মিশ্রণকে **مركب** বলা হয় সেখানে প্রথম

اسم এর সম্বন্ধ দ্বিতীয় اسم এর প্রতি করা হয়েছে। যেমন- **كتاب سعيد** - (সাইদেরবই) **بيت خالد** - (খালেদের ঘর)।

مركب إضافي এর প্রথম اسم কে (যার সম্বন্ধ দ্বিতীয় اسم এর প্রতি করা

হচ্ছে) **مضاف** আর দ্বিতীয় اسم কে (যার প্রতি সম্বন্ধ করা হয়েছে) তাকে

مضاف إليه বলা হয়।

১। **مضاف إليه** ও **مضاف** উভয়টি اسم হয়ে থাকে।

১। কোন কোন সময় **مضاف إليه** বাক্যও হয়ে থাকে **جملة اسميه** আর **جملة فعليه** দুটিই।

টীকা : **اضافت** দ্বারা اسم এর মধ্যে বিশেষত্ব এবং সুনির্দিষ্ট এর অর্থ সৃষ্টি হয়ে যায়।

যেমন **بيت خالد** এর উদাহরণ এর মধ্যে যদি তুমি শুধুমাত্র **بيت** শব্দটি বল তাহলে এর

দ্বারা কোন একটি অনির্দিষ্ট ঘরই উদ্দেশ্য হবে। কিন্তু যখন **بيت** শব্দটিকে **مضاف** বানিয়ে

তার সম্বন্ধ **خالد** এর প্রতি করে দেবে তখন আবার **بيت** এর নির্দিষ্ট হয়ে যাবে। ইহা দ্বারা

একটি নির্দিষ্ট ঘর (খালেদের ঘর) বুঝা যাবে, যে কোন একটি ঘর নয়।

২। اسم معرفه- অধিকাংশ مضاف اليه আর اسم نكره সর্বদা مضاف আর কখনো কখনো نكره ও হয়ে থাকে।

৩। (— — —) আসেনা, কিন্তু مضاف এর উপর "ال" এবং তানবীন (— — —) আসে। مضاف এর উপর "ال" এবং তানবীন দুই-ই আসে।

৪। مضاف اليه حفاف এর সময়ই এর অবস্থায় হয়ে থাকে।

৫। نون এবং مضاف এর মধ্যে তানবীনের মতই مضاف এর বছবচনের نون এবং দ্বিবচনের نون ও পতিত হয়ে যায়। যেমন مسلمو থেকে مسلمون الهند مضاف আর كتابا خالد থেকে كتابان خالد الهند

৬। কখনো একই বাক্যে কয়েকটি مضاف اليه হয়ে থাকে যেমন لون مضاف আর باب بيت صدقك - قلنسوة محمود مضاف বা সম্বন্ধযুক্ত হয় তাই তাতে جر (যের) হবে তবে তার উপর "ال" এবং তানবীন আসবে না।

১৭ - অনুশীলনী السابِع عشر

বাংলায় অনুবাদ কর :

- (১) ضوء القمر (২) ظلام الليل (৩) فصل المطر
 (৪) شاطئ النهر (৫) جمال الطبيعة (৬) آية الله
 (৭) نبات الارض (৮) سنام الجبل (৯) غضن الشجر
 (১০) تغريد الطيور (১১) حديقة محمود (১২) دار غنى
 (১৩) اكرام الضيوف (১৪) خدمة الدين

২। বাংলা ভাষায় مضاف আগে হয় এবং مضاف পরে। কিন্তু আরবীতে তার বিপরীত مضاف আগে এবং مضاف اليه পরে হয়। যেমন- كتاب خالد (খালেদের বই) ابن محمود (মাহমুদের পুত্র) ইত্যাদি।

৩। বাংলা ভাষায় اضافت এর অনুবাদ “এর”, “র” দ্বারা করা যায়। আর যখন সর্বনামগুলোর প্রতি اضافت হয় তখন ضمير غائب এর জন্য “তাহার” ضمير এর জন্য “তোমার” আর متكلم এর জন্য আমার আর “নিজ” দ্বারা অনুবাদ করা হয়। প্রাথমিক স্তরের ছাত্ররা সর্বনামগুলোর অনুবাদের মধ্যে বিশেষতঃ “নিজ” ইত্যাদিতে ভুল করে বসে। উদাহরণস্বরূপ যখন বলা হয় যে, খালেদ তার ঘোড়ায় আরোহন করেছে। তখন ركب خالد فرسه বলা হবে। কিন্তু তদস্থলে যদি বলা হয় আমি তার ঘোড়ার উপর আরোহণ করেছি তখন ركبت فرسه বলা হবে। আর আমি নিজ ঘোড়ায় আরোহণ করেছি এর জন্য ركبت فرسى বলা হবে।

১৮ - التمرين الثامن عشر - অনুশীলনী

নিম্নোদ্ধৃত শব্দসমূহ থেকে مركب اضافى এর বাক্য গঠন কর :

الحجرة - الفرس = رمضان - الفيل - البيت - البرق - الجناح
السير - اللمعان - السقف - العذب - الكأس - الصوم - القطار
الماء - العنان - الزجاج - الخرطوم - الطير - الباب

১৯ - التمرين التاسع عشر - অনুশীলনী

আরবীতে অনুবাদ কর :

- | | |
|----------------------|--------------------------------|
| ১। তারকারাজির দীপ্তি | ৯। রৌপ্যের ঘড়ি |
| ২। সূর্যের তাপ | ১০। লোহার সিঁদুক |
| ৩। আকাশের রং | ১১। রসুলের (সঃ) শিক্ষা |
| ৪। বাগানের দৃশ্য | ১২। চরিত্রের পবিত্রতা |
| ৫। ফুলের সুবাস | ১৩। ঈমানদারের উদ্দেশ্যাবলী |
| ৬। হরিণ শিকার করা | ১৪। ধর্মের প্রভাব (শ্রেষ্ঠত্ব) |
| ৭। পাখির গোস্বত | ১৫। প্রতিপালকের সন্তুষ্টি |
| ৮। মাহমুদের বন্দুক | |

২০ - التمرين العشرون - অনুশীলনী

(দ্বিভাচন আর বহুবচনের সম্বন্ধ)

বাংলায় অনুবাদ করঃ-

- | | |
|------------------|-------------------|
| ১। يدا الطفل | ২। عينا الظبي |
| ৩। جناحا الطير | ৪। شاطئاً النهر |
| ৫। راكبو السفينة | ৬। قاطنو الجبال |
| ৭। صادقو الوعد | ৮। معلمو المدرسة |
| ৯। مصراعا الباب | ১০। عجلتا الدراجة |
| ১১। محسنو الامة | ১২। خادمو الدين |

২১ - التمرين الحادى والعشرون - অনুশীলনী

উপর्यুক্ত বিশেষ্যসমূহের প্রতি নিম্নলিখিত শব্দসমূহের **اضافت** (সম্বন্ধ) কর :

- | | |
|---------------|----------------|
| (১) عينان | (২) العقربان |
| (৩) منار تان | (৪) لابسون |
| (৫) بائعون | (৬) المدراس |
| (৭) المهاجرون | (৮) سائقون |
| (৯) الأذنان | (১০) لمعان |
| (১১) الستان | (১২) المسافرون |

২২ - التمرين الثانى والعشرون - অনুশীলনী

আরবীতে অনুবাদ কর :

- | | |
|---------------------------------|---|
| ১। ঈমানদানের বিচক্ষণতা | ১১। মক্কা শরীফের দু'জন মুসাফির |
| ২। ঈমানের জ্যোতি | ১২। মসজিদে নববীর তীর্থ যাত্রীরা |
| ৩। কুফর এর অন্ধকার | ১৩। রাসুলুল্লাহর (সঃ) সাহাবাগণ |
| ৪। পিপড়ার অনুভব | ১৪। ওয়াদা পূর্ণকারী (পালনকরী) |
| ৫। উষ্ট্রের ঘাড় | ১৫। সত্যবাদীগণ |
| ৬। হস্তীর দু'টি দাঁত | ১৬। অতিথিদের সম্মানদানকারী |
| ৭। উট পাখীর দুই পা | ১৭। আল্লাহর রাসুলগণ (সঃ) |
| ৮। ইব্রাহীম (আঃ) এর উভয় সন্তান | ১৮। আচার ব্যবহারের (চরিত্রের) শিক্ষাদানকারীরা |
| ৯। পিতার অনুগত সন্তানরা | ১৯। দেশ প্রেমিকগণ |
| ১০। খানায় কা'বার স্থপতিগণ | ২০। দ্বীনের শত্রুরা। |

২৩ - التمرين الثالث والعشرون - অনুশীলনী

(যখন কয়েকটি হয়) **مضاف اليه**

অনুবাদ কর :

- | | |
|----------------------|----------------------|
| (১) خصب أرض الهند | (২) ثروة بلاد امريكا |
